



(একই স্মারক নথির ও তারিখের স্তুতিভিত্তি)
 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
 স্বাস্থ্য সেবা বিভাগ
 সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

নং-৮৫.১৫৫.১১৪.০০.০০৫.২০১০-২৫

তারিখ: ১২-০১-২০২০ খ্রি:

বিষয়: সরকারি হাসপাতালের দর্শনার্থী ব্যবস্থাপনা।

দেশের সকল সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে মানসম্মত চিকিৎসাসেবা প্রদান সরকারের অন্যতম লক্ষ্য। মাননীয় প্রধানমন্ত্রীর গভীর নেতৃত্ব ও নির্দেশনায় এ খাতের অগ্রগতি বিশ্বব্যাপি শীর্ষু। মানসম্মত ও নিরাপদ চিকিৎসা প্রদান করতে হলে রোগীর সাথে আগত দর্শনার্থীদের নিয়ন্ত্রণ করা অতীব জরুরি। কেননা, তাদের স্বাস্থ্য বিষয়ক অঙ্গতা এবং রোগ-জীবাণুর সংক্রমন রোধে করণীয় বিষয়ে সম্বক্ষণানের অভাবে অধিকাংশ সময়ই কাঞ্চিত পরিবেশ/পরিস্থিতির অবনতি হয়। এছাড়া, ধারণক্ষমতার অতিরিক্ত দর্শনার্থী হওয়ায় হাসপাতালের নীরবতা, পরিচ্ছন্নতা, ইউটিলিটি সার্ভিস, রোগীর গোপনীয়তা এবং চিকিৎসাসেবী ও প্রতিষ্ঠানের নিরাপত্তা প্রভৃতি বিপ্লিত হয়। এমতাবস্থায়, দেশের সকল সরকারি চিকিৎসা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষকে নির্দেশক্রমে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলোঃ

- (১) প্রত্যেক হাসপাতালে দর্শনার্থী পাশ চালু করতে হবে এবং প্রতিটি পাশের জন্য নিরাপত্তা জামানত চালু করা যেতে পারে।
- (২) রোগীর অসুস্থতা বিবেচনায় ১ জন রোগীকে সহায়তার জন্য সর্বেক্ষ ২ জন দর্শনার্থীকে পাশ দেয়া যেতে পারে।
- (৩) হাসপাতাল ত্যাগের পূর্বেই পাশ ফেরত প্রদানপূর্বক নিরাপত্তা জামানত ফেরত নিতে পারবেন।
- (৪) হাসপাতালের সকল চিকিৎসক ও নার্সসহ কর্মচারীগণ বৈধ পরিচয়পত্র দৃশ্যমানভাবে বহন করবেন।
- (৫) আগত দর্শনার্থীদের জন্য পাশ ইস্যু করার সময় নাম, ঠিকানা, মোবাইল নং, পরিদর্শনের কারণ ইত্যাদি তথ্য সম্পর্কিত রেজিস্টার সংরক্ষণ করা যেতে পারে।
- (৬) কর্তৃপক্ষের অনুমতি নিয়ে দর্শনার্থী/ব্যক্তি হাসপাতালে প্রবেশ করতে পারবেন।
- (৭) দর্শনার্থী বিষয়ক নিয়মাবলী রোগী/রোগীর সাহায্যকারীকে অবহিত করতে হবে।
- (৮) এছাড়াও দর্শনার্থী বিষয়ক নিয়মাবলী সহজে দৃষ্টি গোচরীভূত হয় এমন স্থানে প্রদর্শন করবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশনাবলী জারী করা হলো।

[Signature]
 (মোঃ আবু রায়হান মির্জা)
 উপ সচিব
 ফোনঃ ৯৫৫৬৯৮৯

বিতরণঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)
- ২। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)।
- ৩। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)।
- ৪। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) সকল।
- ৬। সিভিল সার্জন (সকল)।
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)।

অনুলিপি (জ্যোত্তার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (তাঁকে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (হাসপাতাল/সংস্থাব্যঃ), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।